দৈনিক বাংলা

তারিখ ৪ ৭ JUL 1996
পৃষ্ঠা ৭ কলাম ৫

# শিক্ষার গুণগত মান উন্নয়ন সরকারের রাজনৈতিক অঙ্গীকার ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এ এস এইচ কে সাদেক বর্তমান সরকারের অন্যতম রাজনৈতিক অঙ্গীকার "সবার জন্য শিক্ষা" বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী বলেন সরকারের রাজনৈতিক অঙ্গীকার হচ্ছে শিক্ষার গুণগত মান উন্নয়ন ও প্রতিটি গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন। তিনি এ লক্ষ্য বাস্তবায়নে অধিদফতরের কর্মকর্তাদের কাছে সুনির্দিষ্ট প্রস্তাব আহ্বান করেন।

তিনি রোববার প্রাথমিক শিক্ষা অধিদফতরে উর্ধ্বতন কর্মকর্তা, প্রকল্প পরিচালকগণ এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে অধিদফতরের সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত এক পর্যালোচনা সভায় বক্তব্য রাখছিলেন। প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক আজিজ আহমেদ চৌধুরী এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের যুগ্ম সচিব এ এস এম ইমাম হোসেন সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রীকে অধিদফতরের সার্বিক কর্মকান্ড, বিভিন্ন প্রকল্পের অগ্রগতি ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করা হয়। রাজনৈতিক প্রভাব মুক্ত থেকে যে কোন পরিকল্পনা গ্রহণ এবং আঞ্চলিক সমতার ভিত্তিতে সততা ও নিষ্ঠার সাথে প্রকল্প এলাকা নির্ধারণের ওপর মন্ত্রী গুরুত্ব আরোপ করেন।